



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স-০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd

স্মারক নং-বিএসএমআরএমইউ/রেজিঃ-৩৩৬/২৩/০৭

তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৩

খন্দকালীন আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি (চুক্তিভিত্তিক)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর জন্য খন্দকালীন আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ক।	খন্দকালীন আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক)- ০১ (এক) জন	<p>১. <u>শিক্ষাগত যোগ্যতা:</u></p> <p>(ক) এল.এল.বি. ডিগ্রি থাকিতে হইবে। (খ) বার-এট-ল ডিগ্রিধারি প্রার্থীকে অঞ্চলিকার দেওয়া হইবে।</p> <p>২. <u>অভিজ্ঞতা:</u></p> <p>(ক) প্রার্থীকে বাংলাদেশ সুপ্রীম কোর্টে মামলা পরিচালনায় ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এছাড়াও পাবলিক বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট যাবতীয় আইন, বিধি-বিধান সম্পর্কে বাস্তব জ্ঞান থাকিতে হইবে। (খ) পাবলিক বিশ্ববিদ্যালয় সংক্রান্ত মামলা পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অঞ্চলিকার দেওয়া হইবে। (গ) প্রার্থীর শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। কোনক্রমেই ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।</p>

অন্যান্য শর্তাবলী:

- ১। আগ্রহী প্রার্থীদের স্বহত্তে পূরণকৃত ০৮ (আট) সেট আবেদনপত্র ১৭ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, ১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬। ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌছাইতে হইবে। আবেদন ফরম সমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীর পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।
- ২। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্য তোলা ৫ সে.মি. সাইজের ০৮ (আট) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি, হাইকোর্ট/আপীল বিভাগের তালিকাভুক্তির সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র প্রকাশনার অনুলিপি (যদি থাকে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা প্রদান করিতে হইবে।
- ৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ৪। নির্বাচিত আইন উপদেষ্টার মাসিক রিটেইনার ফি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হইবে। নির্বাচিত আইন উপদেষ্টা কর্তৃক আদালতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন মামলা পরিচালনার জন্য প্রচলিত ফি ও অন্যান্য প্রাপ্য খরচাদি নির্ধারিত হার অনুযায়ী পরিশোধ করা হইবে।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ